

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়
 Chittagong Veterinary and Animal Sciences University (CVASU)

ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮

নং-চভেএসাবি/রেজি:/ভর্তি-৭৫(অংশ-১০)/২০১৭/১৭৭২

তারিখ: ১৭/০৯/২০১৭ খ্রি.

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে

১। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ন্যূনতম যোগ্যতা :

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২০১৪ অথবা ২০১৫ সালে এসএসসি/সমমান এবং ২০১৬ অথবা ২০১৭ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে (যে সকল প্রার্থী ২০১৪ সালের পূর্বে এসএসসি/সমমান এবং ২০১৬ সালের পূর্বে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে সকল প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না)।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৭.০ এবং আলাদাভাবে প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.০ পেতে হবে।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গণিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।
- এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজি প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।

২। অনুষদ ও আসন সম্পর্কিত বিবরণ :

ক্রমিক নং	অনুষদের নাম *	ডিগ্রির নাম	কোর্সের মেয়াদ	সাধারণ আসন সংখ্যা	সংরক্ষিত আসন সংখ্যা		মোট আসন সংখ্যা
					মুক্তিযোদ্ধা	উপজাতীয়	
১	ভেটেরিনারি মেডিসিন অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	পাঁচ বছর	৯৪	০৩	০৩	১০০
২	ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ	বি এসসি (সম্মান) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি	চার বছর	৭৪	০৩	০৩	৮০
৩	ফিশারিজ অনুষদ	বি এসসি ইন ফিশারিজ (সম্মান)	চার বছর	৫৯	০৩	০৩	৬৫
মোট				২২৭	০৯	০৯	২৪৫

* তিনটি অনুষদের জন্য একটিমাত্র আবেদন করতে হবে এবং অনুষদের পছন্দক্রম নির্বাচনী পরীক্ষার সময় উত্তরপত্রের নির্ধারিত ঘরে উল্লেখ করতে হবে।

৩। ভর্তির জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচন :

(ক) ভর্তির জন্য মূল্যায়নের মোট নম্বর : ২০০

(i) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের উপর ১০০ নম্বর

* এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ = ৪০ নম্বর

* এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ = ৬০ নম্বর

(ii) লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) ১০০ নম্বর

(খ) লিখিত পরীক্ষার সময় ১ (এক) ঘন্টা

(গ) লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর : পদার্থবিদ্যা-২০, রসায়নবিদ্যা-২০, গণিত-২০, জীববিদ্যা-৩০, ইংরেজি-১০।

৪। ভর্তির আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি :

১.	আবেদন করার সময়	০৪/১০/২০১৭ হতে ১৬/১১/২০১৭ পর্যন্ত
২.	ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান	০৮/১২/২০১৭ (সকাল ১০:০০ ঘটিকা, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য ক্যাম্পাস)
৩.	ফলাফল প্রকাশ	০৮/১২/২০১৭ [অপরাহ্ন ৬:০০ ঘটিকার পর ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে]
৪.	মেধা তালিকা হতে ভর্তি	১৮/১২/২০১৭ এবং ১৯/১২/২০১৭
৫.	অপেক্ষমান তালিকা হতে ভর্তি	২০/১২/২০১৭
৬.	ক্রাস শুরুর সম্ভাব্য তারিখ	০১/০১/২০১৮

৫। SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া :

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

খ) যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে CVASU <Space> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এইচএসসি পাশের সাল <Space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এসএসসি পাশের সাল <Space> যে মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক (বাংলা মাধ্যমের জন্য B অথবা ইংরেজী মাধ্যমের জন্য E) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ : CVASU<DHA>123456<2017>DHA<123456>2015<B

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং CVASU এর সকল অনুষদের জন্য। এখানে '১২৩৪৫৬' এবং DHA এর পরিবর্তে যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর এবং শিক্ষা বোর্ড দিতে হবে। কোন প্রার্থী ২০১৬ সালে এইচএসসি/সমমান পাশ করে থাকলে ২০১৭ এর পরিবর্তে ২০১৬ লিখতে হবে।





চলমান (পাতা-২)

